



সিলেট সীমান্তে বিএসএফ গুলির জবাবে পাণ্টা ফায়ার বিজিবির



ছবি: সংগৃহীত

সিলেটের গোয়াইনঘাট উপজেলার সোনারহাট সীমান্ত এলাকায় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ-এর গুলির জবাবে পাণ্টা প্রতিক্রিয়া জানিয়েছে বিজিবি। মঙ্গলবার (১৯ মে) এক প্রেস বিজ্ঞপ্তিতে বিজিবি জানায়, সোমবার (১৮ মে) বিকেলে সিলেট ব্যাটালিয়নের (৪৮ বিজিবি) দায়িত্বপূর্ণ সোনারহাট সীমান্ত এলাকায় বিএসএফের পক্ষ থেকে গুলিবর্ষণের ঘটনা ঘটে। এর পরপরই বিজিবি দ্রুত ও কড়া প্রতিক্রিয়া জানিয়ে পাণ্টা ফায়ার করে। বাহিনীটির দাবি, তাদের তাৎক্ষণিক পদক্ষেপে পরিস্থিতি দ্রুত নিয়ন্ত্রণে আসে। ঘটনায় কোনো হতাহতের তথ্য পাওয়া যায়নি বলে জানানো হয়েছে। বর্তমানে সীমান্ত পরিস্থিতি স্বাভাবিক ও স্থিতিশীল রয়েছে। তবে সতর্কতা হিসেবে এলাকায় টহল ও নজরদারি বাড়ানো হয়েছে।

বিজিবি আরও জানায়, সীমান্ত নিরাপত্তা ও দেশের সার্বভৌমত্ব রক্ষায় তারা সর্বদা পেশাদার ও দৃঢ় অবস্থানে রয়েছে। পাশাপাশি সীমান্তবর্তী জনগণ ও জনপ্রতিনিধিদের অবৈধ সীমান্ত অতিক্রম এবং যেকোনো ধরনের অননুমোদিত কার্যক্রম থেকে বিরত থাকার আহ্বান জানানো হয়েছে।